# কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায়: আরকানুল ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ৪. রাসূলগণের প্রতি ঈমান

তৃতীয় অধ্যায়ের শুরুতে আমরা উল্লেখ করেছি যে, ইসলামী ঈমান বা ধর্ম-বিশ্বাসের অন্যতম বিষয় আল্লাহর রাসূলগণে বিশ্বাস করা। মুহাম্মাদ (ﷺ)-এর নুবুওয়াত ও রিসালাতের বিষয়ে বিশ্বাস আমরা তৃতীয় অধ্যায়ে আলোচনা করেছি। এখানে আমরা আল্লাহর মনোনীত নবী রাসূলগণের প্রতি ইসলামী বিশ্বাসের অবশিষ্ট দিকগুলি উল্লেখ করব।

### ৪. ৪. ১. আল্লাহর অপার করুণা

মহান স্রষ্টা আল্লাহ  মানবজাতিকে তাঁর অপার করুণা সিক্ত করে সৃষ্টি করেছেন। তিনি তাঁর এই প্রিয় ও সম্মানিত সৃষ্টিকে দায়িত্ব দিয়েছেন এ পৃথিবীকে সুন্দর বসবাসযোগ্য করার। এই দায়িত্বের সাথে সংগতি সম্পন্ন বিভিন্ন গুণাবলি তাদেরকে দান করেছেন। তাদেরকে তিনি তাঁর সকল সৃষ্টির মধ্যে সম্মান দান করেছেন, দান করেছেন বিবেক ও উন্নত জ্ঞান। মানুষের অন্তরে দিয়েছেন শুভ, মঙ্গল ও কল্যাণময় কমের প্রতি আকর্ষণ ও অশুভ-অকল্যাণের প্রতি বিরক্তি। তাকে দিয়েছেন লোভ, ক্রোধ, হিংসা, ভালবাসা, আত্মপ্রেম ইত্যাদি মৌলিক মানবীয় শক্তি বা গুণাবলি, যে সকল গুণের সঠিক প্রয়োগ মানুষকে তার মানবীয় পূর্ণতার শিখরে উঠায়। আবার এ সকল গুণ বা স্বভাবজাত শক্তির ভুল প্রয়োগ মানুষকে মানবেতর জীবের চেয়েও নিকৃষ্ট প্রাণীতে পরিণত করে।

তাই সৃষ্টি জগতে মানুষের সম্মানের সাথে সাথে তার দায়িত্ব অপরীসিম। আর এই দায়িত্ব সঠিকভাবে পালনের মধ্যেই রয়েছে মানুষের ইহলৌকিক কল্যাণ, উন্নতি ও সমৃদ্ধি এবং পরলৌকিক মুক্তি ও শান্তি।

মানুষের প্রতি মহান স্রষ্টার করুণা অসীম। তিনি তাকে তাঁর দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় শক্তি ও গুণাবলী দান করা ছাড়াও তাকে কল্যাণ ও মঙ্গলের পথ প্রদর্শনের জন্য তিনি যুগে যুগে বিভিন্ন সমাজের মধ্যে থেকে বিভিন্ন মানুষকে বেছে নিয়ে তাঁদের  কাছে ওহী বা প্রত্যাদেশের মাধ্যমে মানুষের সঠিক পথের সন্ধান দান করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13657

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন